ISSN 2521-4128
সংখ্যা ৮ | বর্ষ ৮ | ডিসেম্বর ২০২৪

নাট্যবিদ্যা

A Research Journal of
Theatre and Performance Studies Department

নাট্যকলা ও পরিবেশনা বিদ্যা বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ- ২২২৪, বাংলাদেশ

CamScanner

নাট্যবিদ্যা

Issue 8 | Year 8 | Dec. 2024

সম্পাদক
ড. মো. কামাল উদ্দীন

নাট্যকলা ও পরিবেশনা বিদ্যা বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ

CamScanner

নাট্যবিদ্যা

ISSN 2521-4128

NATYABIDYA

A Research Journal of Theatre and Performance Studies Department

সংখ্যা ৮ | বর্ষ ৮ | পৌষ ১৪৩১

Issue 8 | Year 8 | Dec. 2024

সম্পাদনা পর্ষদ

সম্পাদক : ড. মো. কামাল উদ্দীন

সদস্য : অধ্যাপক ড. বিজয় ভূষণ দাস
অধ্যাপক ড. মোঃ সাহাবউদ্দিন
অধ্যাপক ড. ইসমত আরা ভূঁইয়া ইলা
ড. সৈয়দ মামুন রেজা

CamScanner

নাট্যবিদ্যা
[A Research Journal of Theatre and Performance Studies Department]

সংখ্যা ৮, বর্ষ ৮, পৌষ ১৪৩১
Issue 8, Year 8, Dec. 2024

প্রকাশক
নাট্যকলা ও পরিবেশনা বিদ্যা বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ

প্রচ্ছদ
রাশেদ সুখন

অলংকরণ
রংমিলান্তি, ময়মনসিংহ

মূল্য
৩০০ টাকা [৬ ইউ.এস ডলার]

সম্পাদকীয় যোগাযোগ
বিভাগীয় প্রধান
নাট্যকলা ও পরিবেশনা বিদ্যা বিভাগ, কলা ভবন
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ
E-mail: natyabidyajournal.tps@gmail.com

Natyabidya [A Research Journal of Theatre and Performance Studies Department], Year 8, Issue 8, December 2024, Edited by Dr. Md. Kamal Uddin, Head of the Department, Department of Theatre and Performance Studies, Jatiya Kabi Kazi Nazrul Islam University, Trishal, Mymensingh-2224, Bangladesh. Published by Department of Theatre and Performance Studies, Jatiya Kabi Kazi Nazrul Islam University, Trishal, Mymensingh-2224, Bangladesh. ISSN 2521-4128, Price: Tk. 300 (BD) [$6 (US)].

CamScanner

নাট্যবিদ্যা
সংখ্যা ৮, বর্ষ ৮, ডিসেম্বর ২০২৪

সূচিপত্র

অমৃতা শেরগিল: উপমহাদেশে আধুনিক চিত্রকলার পথিকৃৎ ০৯
মোছাঃ নাজমা পারভীন

অসাম্প্রদায়িক চেতনাঋদ্ধ দেশ গঠনে নজরুলের জাগরণী গানের ভূমিকা ২৫
দেবাশীষ বেপারী

আবদুল্লাহ আল-মামুনের 'কোকিলারা' : ব্রাত্য সমাজের নারীর বৈষম্য ৪৯
মোশরেফা বেগম মিসু

ঋতুপর্ণ ঘোষের 'সব চরিত্র কাল্পনিক': একটি পরাবাস্তববাদী পাঠ ৬৭
কাজী শুসমিন আফসানা

ত্রিশালে নজরুল-শৈশব বিনির্মাণ: প্রেক্ষিত স্মৃতিকথা ও কিংবদন্তি ৮৭
প্রদিতি রাউত প্রমা

নিউ মিডিয়ায় যাত্রাপালা: ভিজ্যুয়াল ফোকলোর ও রূপান্তরিত উপস্থাপনার কার্যকারিতা অনুসন্ধান ১১১
মোহাম্মদ মেহেদী উল্লাহ

ময়মনসিংহ অঞ্চলের লোকজ মৃৎশিল্প, শিল্পী ও সমাজ-সাংস্কৃতিক প্রেক্ষাপট ১৩৫
তপন কুমার সরকার

CamScanner

নাট্যবিদ্যা
সংখ্যা ৮, বর্ষ ৮, ডিসেম্বর ২০২৪

মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রে (২০১৫-২০১৮) সাম্প্রদায়িক উগ্রবাদ ও সহিংসতার উপস্থাপন ১৫৫
মো. আল্ জাবির
শুভ কর্মকার

সিকান্দারের জীবন ও নাটক: সমকালীন চিন্তাধারা ও রাজনৈতিক সচেতনতার শিল্পিত রূপ ১৭৭
চিন্ময় কুমার মল্লিক

সেলিম আল দীনের 'শকুন্তলা' নাটকে মিথের মিথস্ক্রিয়া ১৯৩
মো. তাশহাদুল ইসলাম তারেক

Acting out Knowledge: Documenting Transformative Learning in a Theater in Education Workshop ২১১
Musharraf Hossain Tansen

Sufi Poem Turns into Popular Song: Influence of Culture ২৩৩
Md Sarwar Jahan

CamScanner

নাট্যবিদ্যা বর্ষ ৮ | সংখ্যা ৮ | ডিসেম্বর ২০২৪
ISSN 2521-4128

অসাম্প্রদায়িক চেতনাঋদ্ধ দেশ গঠনে নজরুলের জাগরণী গানের ভূমিকা

দেবাশীষ বেপারী*

Abstract

The role of music in social change has long been well known in society. Kazi Nazrul Islam sounded the conch shell of harmony among Bengalis with a fearless voice. Nazrul's melody of communal harmony has been heard by millions of voices. Nazrul struggled until he was speechless to build a non-communal nation and country with a sense of humanity. Kazi Nazrul Islam spoke about equality and peace in his songs of awakening and harmony. Nazrul remained with the exploited and deprived people of society with a strong voice, a language of protest, and a captivating song throughout his life. Nazrul rose above casteism and sang the victory songs of only the people in his songs of harmony and awakening. In the process of building a modern country without community, caste, or tribe identity and free from exploitation, Bengalis are marching forward fearlessly in the dark night of the ocean, accompanied by Nazrul's songs, across the remote two-layered desert border. Nazrul has sung that awakening song to fearless Bengalis in the hope of a modern, happy, prosperous, non-communal country. Nazrul's sole desire was to build a society illuminated by the light of inter-religious harmony free from caste discrimination. Kazi Nazrul Islam, a communist and inter-religious harmony enthusiast, has compared Hindus and Muslims to two daisies in one basket and wrote - 'Two daisies in one stalk, Hindu and Muslim, Muslim is his eye, Hindu is his soul.' The poet, who is aware of the importance of staying united in the Jagarani songs, wrote - 'Come on the path of the Sangh Sharan Tirtha Yatra, come here, I will go, the conch is played in a million voices without fear', 'The desert of the inaccessible mountains and the desert of the two layers of the desert' etc. The consciousness and humane feeling due to which people become non-communal were all in Nazrul's Jagarani songs. The role of Nazrul's Jagarani songs in building a country with non-communal consciousness has been discussed and depicted in this article.

* ড. দেবাশীষ বেপারী, সহযোগী অধ্যাপক, সংগীত বিভাগ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ

CamScanner

সারসংক্ষেপ

সামাজিক পরিবর্তনে সংগীতের ভূমিকা দীর্ঘকাল ধরে সমাজে সুবিদিত। শঙ্কাশূন্য কণ্ঠে বাঙালির মাঝে সম্প্রীতির শঙ্খধ্বনি শুনিয়েছিলেন কাজী নজরুল ইসলাম। লক্ষ কণ্ঠে বেজে উঠেছে নজরুলের সাম্প্রদায়িক সম্প্রীতির সেই সুর। নজরুল মানবিকবোধসম্পন্ন অসাম্প্রদায়িক জাতি ও দেশ গঠনে বাকরুদ্ধ হওয়ার আগ পর্যন্ত সংগ্রাম করেছেন। কাজী নজরুল ইসলাম তাঁর জাগরণী ও সম্প্রীতির গানে সাম্যের ও শান্তির কথা বলেছেন। নজরুল সমাজের শোষিত, বঞ্চিত মানুষের পাশে সারা জীবন বলিষ্ঠ কণ্ঠস্বরে, প্রতিবাদের ভাষা হয়ে, বিমুগ্ধ গান হয়ে ছিলেন। নজরুল তাঁর সম্প্রীতির ও জাগরণী গানে জাতপাতের উর্ধ্বে উঠে শুধু মানুষের জয়গান গেয়েছেন। সম্প্রদায়, জাতি, গোত্র পরিচয়হীন ও শোষণমুক্ত আধুনিক দেশ গঠনে, দুর্গম দুস্তর মরু পারাবারে ভয়শূন্য চিত্তে নজরুলের গানকে সঙ্গী করে বাঙালি সম্মুখপানে চলেছে ঘোর তিমির নিশিথে। একটি আধুনিক, সুখী, সমৃদ্ধশালী, অসাম্প্রদায়িক দেশের আশায় সেই জাগরণী গানই নজরুল শুনিয়েছেন নির্ভীক বাঙালিদের। জাতিভেদমুক্ত আন্তঃধর্মীয় সম্প্রীতির আলোকে উদ্ভাসিত সমাজ নির্মাণ করা ছিল নজরুলের একান্ত বাসনা। সাম্যবাদী ও আন্তঃধর্মীয় সম্প্রীতিকামী কাজী নজরুল ইসলাম হিন্দু ও মুসলমানকে একটি বোঁটায় দুটি কুসুমের উপমায় এনে লিখেছেন—'মোরা এক বৃন্তে দু'টি কুসুম হিন্দু-মুসলমান, মুসলিম তার নয়নমনি হিন্দু তাহার প্রাণ।' জাগরণী গানে সংঘবদ্ধ থাকার বিষয়ে সচেতন কবি লিখেছেন—'সঙ্ঘ শরণ তীর্থ যাত্রা পথে এসো মোরা যাই, শঙ্কাশূন্য লক্ষ কণ্ঠে বাজিছে শঙ্খ ওই', 'দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার' প্রভৃতি গান। যে চেতনা ও মানবিক বোধের কারণে মানুষ অসাম্প্রদায়িক হয়ে ওঠে তা সবই ছিল নজরুলের জাগরণী গানে। অসাম্প্রদায়িক চেতনাঋদ্ধ দেশ গঠনে নজরুলের জাগরণী গানের ভূমিকা আলোচিত হয়েছে ও রূপ চিত্রিত হয়েছে এ প্রবন্ধে।

মূল শব্দমালা

অসাম্প্রদায়িক গান, কাজী নজরুল ইসলাম, নজরুলসংগীত; জাগরণী গান, সাম্প্রদায়িক সম্প্রীতির গান।

এক

বাঙালির আন্তধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠা ও মানবতাবোধ জাগ্রত করা ছিল নজরুলের সারা জীবনের সাধনা। জগতের সকল কলুষতামুক্ত, পাপপঙ্কিলতামুক্ত জাতি গঠনে নজরুলের গান বাঙালির সহায়ক হয়েছে বারবার। সম্প্রীতির গান নিয়ে, জাগরণের গান নিয়ে প্রকৃতির মতো সচ্ছল রূপে আর বিধাতার মতো নির্ভয়ে এগিয়ে যাওয়ার কথা বলেছেন নজরুল তাঁর গানে। শোষণ, বঞ্চনাহীন, সাম্প্রদায়িক সম্প্রীতিনির্ভর আধুনিক বাংলাদেশ গঠনে নজরুলের সে গান নিয়ে যাত্রা শুরু করতে হবে নব দিনের আশায়। প্রাণের মাঝে নবীন আশা নিয়ে জাগতে হবে, রণসাজে সাজতে হবে আমাদের আধুনিক দেশ বিনির্মাণে। নানা সংকটে ও দুর্বিপাকে আধুনিক পরিবর্তনশীল উন্নত দেশ গঠনে নজরুলের সাম্প্রদায়িক সম্প্রীতির গান, জাগরণমূলক গান বাঙালিদের হৃদয় গভীরে উদ্দীপনা দিয়েছে। উপমহাদেশের সাম্প্রদায়িক বিভেদ নজরুলকে ব্যথিত করেছিল দারুণভাবে। তাই সম্প্রদায়-নিরপেক্ষ সম্প্রীতিপ্রত্যাশী ছিলেন কাজী নজরুল ইসলাম।

CamScanner